তাগিদপত্র-১

''যুবদের জাগরন, বাংলাদেশের উন্নয়ন''
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫০.১৪- ৫৩ তারিখঃ ১৭/০২/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ মোবাইল ব্যাংকের মাধ্যমে যুবঋণের কিস্তি আদায় কার্যক্রম বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।
সূত্রঃ ৩৪.০১.১৯০০.০০০.৪৮.৪৫১.১৫-৫৯ তারিখ- ০৪/০২/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঋণ সেবাকে সহজতর ও ডিজিটালাইজড করার পদক্ষেপ হিসাবে গত ১৩/১২/১৭ তারিখে কুমিল্লা জেলা কার্যালয়ে দিন ব্যাপী বর্ণিত বিষয়ে ওরিয়েন্টেশন ও প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। এ কার্যক্রমে আদর্শ সদর উপজেলার ২৩জন ঋণ সেবা গ্রহীতা তাদের ঋণের কিস্তি স্ব-স্ব মোবাইল ব্যাংকের মাধ্যমে সফলভাবে যুব উন্নয়ন অধিদপ্তরে প্রেরণ করেছেন।

০২। জেলাধীন অন্যান্য উপজেলায় এ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে কার্যক্রম শুরুর তারিখ নির্ধারণসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। সে মাফিক প্রত্যেক উপজেলায় কার্যক্রম শুরুর পরবর্তী ০২(দুই) মাসের মধ্যে সকল ঋণীকে ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায় নিশ্চিত করার ব্যবস্থা নেয়ার নির্দেশনা রয়েছে। কুমিল্লা জেলা হতে ০৪/০২/১৮ তারিখে প্রেরিত প্রতিবেদন পর্যবেক্ষণ করে দেখা যায় প্রতিটি উপজেলার কার্যক্রম অর্জনের গতি অত্যন্ত মন্থর।

০৩। বর্ণিত অবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে সকল উপজেলার ঋণ সেবা গ্রহণকারীগণকে মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায়ের সাথে সম্পৃক্ত করার ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১৭/২/১৮
(মোঃ হামিদুর রহমান)
উপ-পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
02-9556720

প্রাপকঃ

উপপরিচালক , যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫০.১৪- তারিখঃ /০২/২০১৮খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ...(সকল) কুমিল্লা জেলা।
০৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ।
০৪. দপ্তর নথি।

(মোঃ হামিদুর রহমান)
উপ-পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)